

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০২৭

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - হাদিয়া (উপহার) ও হিবার (অনুদান) প্রসঙ্গে

## আরবী

وَعَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «تَهَادُوا فَإِنَّ الْهَدِيَّةَ تُذْهِبُ الضَّغَائِنَ» . رَوَاهُ

#### বাংলা

৩০২৭-[১২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা একে অপরকে হাদিয়া (উপহার) দেবে। কেননা, হাদিয়া হিংসা-বিদ্বেষ বিদূরিত করে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] জাল: মুসনাদুশ্ শিহাব ৬৬০। কারণ এর সনদে আবূ ইউসুফ ইয়া'কূব বিন মুহাম্মাদ বিন 'উবায়দ আল কৃফী একজন মিথ্যুক রাবী। এছাড়াও সনদে আরো কিছু ক্রটি রয়েছে।

### ব্যাখ্যা

व्याच्या: (فَإِنَّ الْهَدِيَّةَ تُذْهِبُ الضَّغَائِنَ) অর্থাৎ- বিদ্বেষ, শক্রতা দূর করে এবং প্রীতি, ভালোবাসা নিয়ে আসে। যেমন বলা হয়েছে- (فَإِنَّ الْهَدِيَّةَ تُذْهِبُ الْغِلُّ عَنْكُمْ) অর্থাৎ- তোমরা একে অপরকে উপহার দাও, একে অপরকে ভালোবাসো, পরস্পরে মুসাফাহা কর- এ সকল আচরণ তোমাদের থেকে বিদ্বেষ দূর করবে। এটা আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে ইবনু আসাকির যা বর্ণনা করেছে সে আলোকে। ত্বীবী বলেনঃ এটা এ কারণে যে, রাগ, হিংসা, বিদ্বেষ নিয়ে আসে আর উপহার সম্ভুষ্টি নিয়ে আসে। সুতরাং যখন সম্ভুষ্টির কারণ আগমন করবে তখন অসম্ভুষ্টির কারণ দূর হয়ে যাবে। (মিরকাতুল মাফাতীহ)

## হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন